গাংনীতে জামায়াতের ৩০ নেতা কর্মী আটক

গোপন বৈঠক চলাকালীনন সময়ে গাংনী থানা পুলিশের অভিযানে ইউনিয়ন জামায়াতের সেক্রেটারীসহ ৩০ নেতা কর্মী আটক হয়েছে। এসময় তাদের কাছ থেকে জামায়তের দলীয় চাঁদা উত্তোলনের খাতা, লিফলেট ও জিহাদী বই উদ্ধার করা হয়েছে।

শনিবার (১২ ফেব্রুয়ারী) দিবাগত রাত ৯ টার দিকে ভাটপাড়া গ্রামের চৌধুরীপাড়া জামে মসজিদে অভিযান চালিয়ে জামায়াতের এসব নেতা কর্মীকে আটক করেন পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের আব্দুল আলীমের ছেলে ও সাহারবাটি ইউনিয়ন জামায়াতের সেক্রেটারী সেখ সাদী (৩২), ভাটপাড়া গ্রামের হবিবর রহমানের ছেলে ও ভাটপাড়া গ্রাম জামায়াতের সভাপতি রবিউল ইসলাম ওরফে রুবেল (৩০), আতিয়ার রহমানের ছেলে কামরুজ্জামান (৩০), আফিল উদ্দীনের ছেলে মোস্তাফিজুর রহমান (৪০), মৃতু ওয়াছের আলীর ছেলে কাউছার আলী (৫৬), তার ভাই ফাইজার আলী (৫৯), মজির উদ্দীনের ছেলে তৈয়ব আলী (৪০), ইমারুল ইসলামের ছেলে ইউসুব আলী (৩০), সাহাব উদ্দীনের ছেলে রিপন হোসেন (৩২), আবুল হোসেনের ছেলে মোশাররফ হোসেন (৫৬), মহির উদ্দীনের ছেলে সেলিম রেজা (২৯), হোসেন আলীর ছেলে হাফিজুর রহমান (৪৮)মকছেদ আলীর ছেলে তোহিদুল ইসলাম (৫৯), ফজল আলীর ছেলে এরশাদ আলী (৪৫), ফজলুর রহমানের ছেলে ইফরান আলী (৪২), মৃতু বছের আলীর ছেলে আব্দুস সাত্তারের (৭০), মৃতু মকছেদ আলীর ছেলে তাবারক আলী (৪৪), কাবের আলীর ছেলে মখলেছুর রহমান (৩০), আব্দুর রশিদের ছেলে শরিফুল ইসলাম (৫০), ফজর আলীর ছেলে ইদ্রিস আলী (৬০), বাবলু হোসেনের ছেলে নাসির উদ্দীন (৩৪), রমজান আলীর ছেলে জহিরুল ইসলাম (৫০), কুলবাড়িয়া গ্রামের আব্দুল হান্নানের ছেলে সোহেল রানা (২৬), একই গ্রামের ইদ্রিস আলীর ছেলে আলহাজ হোসেন (৫০), কুলবাড়িয়া গ্রামের সাদেক আলীর ছেলে এরশাদ ওরফে লাল্টু হোসেন (৩৭), নবী বকসের ছেলে আমিরুল ইসলাম (৫৫), আব্দুল ওহাবের ছেলে তোফাজ্জেল হোসেন (৫০), গনজের আলীর ছেলে ইনারুল ইসলাম (৪০), ভাটপাড়া গ্রামের ফজলুল হকের ছেলে আকরাম হোসেন (৫০) ও তার ছেলে আরিফুল ইসলাম (৪০)।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের

নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাক, উপপরিদর্শক (এসআই) আতিকুর রহমান, এসআই মাসুদুর রহমান, এসআই পিন্টু ও সংগীয় ফোর্সসহ অভিযান চালানো হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গেপান সংবাদ আসে ভাটপাড়া গ্রামের চৌধুরীপাড়া জামে মসজিদে বসে জামায়াতের একটি গ্রুপ নাশকতা করার জন্য সরকার বিরোধী বৈঠক করছেন। সংবাদের ভিত্তিতে পুলিশের একটি টীম মসজিদটিকে ঘরে ফেলে অভিযান চালিয়ে ৩০ নেতা কর্মীকে আটক করেন। এসময় তাদের কাছ থেকে তাদের দলীয় চাঁদা (ইয়ানত) উত্তোলনের খাতা, লিফলেট ও কিছু জিহাদী বই জব্দ করা হয়েছে।

এদেরমধ্যে ইউনিয়ন জামায়াতের সেক্রেটারী সেখ সাদির বিরুদ্ধে এর আগেও পুলিশের দায়ের করা নাশকতার মামলা রয়েছে। এছাড়া জামায়াতের এসব নেতা কর্মীদের বিরুদ্ধে বিভিন্ন মামলা রয়েছে।
আটকদের বিরুদ্ধে নাশকতার পরিকল্পনা করার অভিযোগে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

গাংনীর তেরাইল গ্রাম থেকে এক বৃদ্ধ’র মরদেহ উদ্ধার

গাংনী উপজেলার তেরাইল গ্রামে আবুল খায়ের (৭০) নামের এক বৃদ্ধ’র ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ।

শনিবার বেলা ৩ টার দিকে আবুল খায়েরের নিজ ঘরের আড়া থেকে তার মরেদহ উদ্ধার করা হয়।

আবুল খয়ের তেরাইল গ্রামের বাগান পাড়া এলাকার মৃত চান মহাম্মদের ছেলে। শনিবার দুপুর ২ টার সময় নিজ ঘরের আড়ার সাথে গলাই রশি দেন।

আবুল খয়েরের পুত্রবধু ঝর্ণা খাতুন জানান, আমার শশুর ও তার স্ত্রী সাদেকা খাতুন আমাদের থেকে আলাদা থাকেন। বয়স্ক ভাতা ও লোকের অনুদানে তাদের সংসার চলতো।

সে দীর্ঘদিন যাবৎ পেটের পিড়াসহ নানা অসেুখে ভুগতেন।পেটের পিড়া সইতে না পেরে নিজ ঘরে আত্মহত্যা করেন তিনি।

আবুল খায়েরের একমাত্র ছেলে আব্দুল হামিদ তার বাবা অপমৃত্যু হয়েছে বলে গাংনী খানায় একটি আবেদন জানান।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এ সত্যতা নিশ্চিত করে বলেছেন সন্ধ্যার দিকে আবুল খায়েরের মরদেহ উদ্ধার করে গাংনী থানায় নেওয়া হয়েছে। আগামীকাল রোববার সকালের দিকে মরদেহ মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেওয়া হবে।

ভাঙা চোরা সড়ক:: গাংনীতে নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে বাসের ধাক্কা, ১৫ যাত্রী আহত

ভাঙা চোরা সড়কে চলন্ত যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পার্শে একটি গাছের সাথে ধাক্কা লাগে। এতে চালকসহ অনন্তত ১৫জন যাত্রী আহত হয়েছেন। আহতদেরকে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে।

আজ শনিবার সন্ধ্যায় মেহেরপুর কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার পোড়াপাড়া নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, আল্লার দান নামক একটি যাত্রীবাহি বাস(যার নং- যশোর-জ-১১-০০৮) কুষ্টিয়া থেকে যাত্রি নিয়ে মেহেরপুরের দিকে যাচ্ছিল। বাসটি গাংনী উপজেলার পোড়াপাড়া নামক স্থানে পৌঁছালে হঠাৎ সেটি নিয়ন্ত্রণ হারিয়ে পার্শবর্তী একটি কদম গাছের সাথে ধাক্কা লাগে। এতে চালকসহ যাত্রিরা আহত হন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও বিভিন্ন ক্লিনিকে পাঠায়।

গাড়ির চালক আহত কুরবান আলী জানান, মেহেরপুর-কুষ্টিয়া সড়কটি খাদাখন্দে ভরা। যা চলাচলের একেবারেই অযোগ্য। যাত্রী নিয়ে আসার

সময় পোড়াপাড়া নামক স্থানে পিছনের চাকার স্প্রিং ভেঙ্গে গিয়ে নিয়ন্ত্রণ হারায় এবং পার্শবর্তী গাছের সাথে ধাক্কা লাগে। বাসের সামনের অংশ দুমড়ে মুচড়ে যায়।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানায়, একটি বাস দুর্ঘটনার বিষয়ে জানতে পেরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তবে সেখানে যাত্রীদের খুব বেশি ক্ষয়ক্ষতি হয়নি। বাসের সামনের অংশ ভেঙ্গে গেছে। পুলিশের একটি টীম ঘটনাস্থলে রয়েছে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় ৩ জন গুরুতর আহত

মুজিবনগরে ট্রাকের সাথে মটরসাইকেলের সংঘর্ষ ভাই-বোনসহ ৩ জন গুরুতর আহত হয়েছে।

শনিবার বিকালে মুজিবনগর তেলপাম্পের কাছে এ দুর্ঘটনা ঘটে। আহত ব্যাক্তিরা হলেন, জয়পুর গ্রামের আব্দুল মজিদের ছেলে আবু সাঈদ(৪০),তার বোন বাগোয়ান গ্রামের মিনারুল ইসলামের স্ত্রী সাবনিলা(৩০) ও ভাগনি মাইমুনা (৫)।

জানা গেছে,আবু সাঈদ তার বোন সাবনিলা ও ভাগনিকে নিয়ে পাম্প থেকে মটরসাইকেলে তেল ভরে রাস্তায় উঠছিলো। এমন সময় মেহেরপুরের দিক থেকে একটি ট্রাক চলে আসলে তার সাথে ধাক্কা লাগে। ধাক্কা লাগলে ৩ জনই মাটিতে পরে গিয়ে আহত হয়। স্থানীয়রা উদ্ধার করে মুজিবনগর সরকারী স্বাস্থ কমপ্লেক্সে নিয়ে আসে।

এদিকে আবু সাঈদ ও বাচ্চাটার অবস্থা আশংকাজনক হওয়ায় প্রাথমিক চিকিৎসা দিয়ে তাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়।

মুজিবনগরে মাতৃভাষা দিবস পালনে প্রস্তুতিসভা ও দলকে সুসংগঠিত করার লক্ষে কর্মী সভা অনুষ্ঠিত

মুজিবনগরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে প্রস্তুতিসভা ও দলকে সুসংগঠিত করার উপলক্ষে আওয়ামী লীগের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পি ডব্লিউ ডির রেস্টহাউস প্রাঙ্গণে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন
মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

উপস্হিত থেকে বক্তব্য রাখেন,মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ,বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবুর রহমান মধু, সাধারন সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,সাধারন সম্পাদক মঈনুল হক,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম অপা,মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শেখ সাদী, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলালউদ্দীন লাভলু,সম্পাদক শেখ সাকিব।

এছাড়া কর্মী সভায় চার ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সম্পাদক ও উপজেলা আওয়ামী লীগের অঙ্গসংগঠনের সকল নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে এক দোকানের মাসিক বিদ্যুৎ বিল ৫০ হাজার ২৪২ টাকা

!

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের গাংনী হাসপাতাল বাজার এলাকার নুর মোহাম্মদ নামের এক গ্রাহকের চলতি ফেব্রুয়ারী মাসে ৫০ হাজার ২৪২ টাকা বিদ্যুৎ বীল এসেছে। এই বিরাট অংকের বিদ্যুৎ বীল নিয়ে ওই ব্যবসায়ী এখন পড়েছেন বেকায়দায়।

গাংনী পৌর সভার হাসপাতাল বাজার এলাকার মিটার নং ১৩৪/৮২৪০ এর মালিক নুর মোহাম্মদ।

তিনি জানান, ২০১৩ সালে মিটারটি তিনি আবাসিক হিসেবে নিলেও পরবর্তিতে সেটি মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের মাধ্যমে বানিজ্যিক সংযোগ হিসেবে হিসেবে রুপান্তরিত করে নেন।সেভাবেই প্রতি মাসে বীল দিয়ে আসছেন। চলতি বছরের ফেব্রুয়ারী মাসের জন্য হঠাৎ৫০ হাজার ২৪২ টাকা বীল প্রদান করেছে কর্তৃপক্ষ। অথচ, সংযোগটির ডিসেম্বর/২১ মাসের বিদ্যুৎ বীল ছিল ৩৬০ টাকা ও জানুয়ারী/২০২২ বিদ্যুৎ বীল ছিল ৪১৬ টাকা।

মিটারটির ব্যবহারকারী রানা বেডিং এর মালিক সোহেল রানা জানান, আমার প্রতি মাসের বিদ্যুৎ বীল আসে ৩ শ থেকে সাড়ে ৪ শ টাকার মধ্যে। হঠাৎ ৫০ হাজার ২৪২ টাকা বিদ্যুৎ বীল দেখার পরে আজ (শনিবার ১২ ফেব্রুয়ারী)আমি মেহেরপুর পল্লী বিদ্যুৎ এর গাংনী জোনাল অফিসের ডিজেএমের সাথে দেখা করি। তিনি বলেছেন, সংযোগের মুল মালিককে যোগাযোগ করতে বলেন।তিনি আরও বলেছেন আমি এই সংযোগটি ব্যবহার শুরু করলে প্রথম মাসে মিটার রিডাররা আবাসিক বীল হিসেবে লিখলেও পরের মে মাস থেকে তারা নিজেরাই বাণিজ্যিক মিটার হিসেবে বীল লিখে যেতো।

তবে, মেহেরপুর পল্লী বিদ্যুতের গাংনী জোনাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) আবুল কাশেম বলেছেন, গ্রাহকের সংযোগটি ২০১৩ সালে নেওয়া। এই সংযোগটি আবাসিক সংযোগ ছিলো। পরে সংযোগটি বানিজ্যিক হওয়ায় ঢাকার অডিট আপত্তি-৭ জরিমানা/ ক্ষতিপূরণ বাবদ ৪৯ হাজার ১৭৬ টাকা এবং বাণিজ্যিক বীল হিসেবে প্রতি ইউনিটে ১০ টাকা ৩০ পয়সা দাম ধরে ৫০ হাজার ২৪২ টাকা এসেছে।

২০১৩ সালে বাণিজ্যিক সংযোগের জন্য বিদ্যুৎ বীলের দাম ১০ টাকা ৩০ পয়সা ছিল কিনা এবং এতদিন আবাসিক গ্রাহক বাণিজ্যিক হিসেবে ব্যবহার করে আসছেন পল্লী বিদ্যুৎ অফিস কি ভূমিকা রেখেছেন এ বিষয়টি তিনি এড়িয়ে গেছেন।

মেহেরপুরের

চকশ্যামনগরে রাষ্ট্রীয় মর্যাদা য়

বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদ কে দাফন

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদের মরদেহ পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

আজ শনিবার (১২ ফেব্রুয়ারী) দুপুরে চকশ্যামনগর গ্রামের কেন্দ্রীয় কবরস্থানে তাকে দাফন করা হয়।

রাষ্ট্র পক্ষে মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপন পুষ্প মাল্য অর্পন করেন। সদর থানা পুলিশের একটি দল তাকে রাষ্ট্রীয় গার্ড অব অনার প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম, বীর মুক্তিযো দ্ধা আঃ মালেকসহ মুক্তিযুদ্ধারা, এছাড়া আমদহ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আনারুল ইসলাম উপস্থিত ছিলেন।

আজ শনিবার সকালে আব্দুর রশিদ নিজ বাড়িতে বার্ধক্যজনিত কারনে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০ বছর। বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদের স্ত্রী, ৩ ছেলে ৩ মেয়ে সহ অসংখ্য গুণগ্রাহী রয়েছে।

গাংনীর খাসমহলে ডিবি পুলিশের নাম করে টাকা আত্মসাতের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার খাঁসমহল গ্রামের লিটন হোসেন নামের এক ব্যাক্তির বিরুদ্ধে মামলার ভয় দেখিয়ে ডিবি পুলিশের নাম ভাঙ্গিয়ে চাঁদাবাজির অভিযোগ করে সংবাদ সম্মেলন করেছে একটি অসহায় পরিবার।

আজ শনিবার (১২ ফেব্রুয়ারী) বেলা ১২ টার সময় গাংনী উপজেলা প্রেসক্লাবে উপস্থিত হয়ে সাংবাদিক সম্মেলন করেন খাসমহল গ্রামের সাহিদা খাতুন ও তার স্বামী শহিদুল ইসলাম।

সাংবাদিক সম্মেলনে লিখিত অভিযোগে সাহিদা খাতুন বলেন, গত বছরের ২৫ সেপ্টেম্বর আমার দেবর প্রবাস ফেরৎ রবজেল আলী আত্মহত্যা করে। এ আত্মহত্যার ঘটনায় আমাকে ও আমার স্বামী সহিদুল ইসলামকে এই মামলায় ফাঁসিয়ে দেওয়ার ভয় দেখায়। সে হুমকী দিয়ে বলে, মেহেরপুর ডিবি পুলিশের কাছে তোমাদের নামে মামলা হয়েছে। মামলা কাটাতে হলে টাকা লাগবে। দিনের পর দিন সে আমাদের হুমকী দিয়ে বলে টাকা পয়সা না দিলে আমাদের দুজনকে ডিবি পুলিশ ধরে নিয়ে গিয়ে ঠ্যাং ভেঙ্গে দেবে। তার হুমকীতে আমি ভয়ে আমার একটি গরু ও বাড়ির কিছু জিনিসপত্র বিক্রি করে লিটন হোসেনের কাছে ৮৬ হাজার টাকা তুলে দিই।

পরে খোঁজ খবর নিয়ে জানতে পারি লিটন ডিবি পুলিশের নামে আমাদের ভয় ভীতি দেখিয়ে এই টাকা নিজেই আত্মসাৎ করেছেন। আমি তার কাছে বারবার টাকা দাবি করি। এনিয়ে স্থানীয় মাতব্বর ও সমাজপতিদের কাছে জানাই। সে বারবার আমার টাকা ফেরৎ দেওয়ার জন্র সময় নিয়েছে। কিন্তু আমাকে টাকা ফেরৎ দেইনি।আমাকে টাকা ফেরৎ না দিলে আইনের আশ্রয় নেবেন বলে জানান সাংবাদিক সম্মেলনে।

গাংনীতে গলাই রশি দিয়ে কৃষকের আত্মহত্যার চেষ্টা

মেহেরপুরের গাংনীতে পারিবারিক কলহের জের ধরে আবু শামা (৫০) নামের এক ব্যাক্তি গলাই রশি দিয়ে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন।

আজ শনিবার (১২ ফেব্রুয়ারী) বেলা ১১ টার দিকে নিজ বাড়িতে গলাই দড়ি দেন তিনি। আবু শামা গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের মৃত ইসমাইল হোসেনের ছেলে।

আবু শামার ভাই বাবুল আক্তার জানান, পরিবারের লোকজন বুঝতে পারছেন না কেনো সে গলাই দড়ি দিয়েছেন। সকালের দিকে আবু শামা মাঠে কাজ করতে গেছিলেন। মাঠ থেকে এসেই নিজ ঘরে গলাই দড়ি দিনে তিনি।

নিজ ঘরে আবু শামাকে ঝুলন্ত অবস্থায় দেখে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে ও সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন গাংনী হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক শায়লা আক্তার।

বর্তমানে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা চলছে বলে জানান ভাই বাবুল আক্তার।

গাংনীতে পৃথক দুটি সড়ক দূর্ঘটনায় দুজন আহত

গাংনীর মালশাদহ-বারাদী সড়কের ও মেহেরপুর-কুষ্টিয়া সড়কের রাজা ক্লিনিকের সামনে পৃথক দুটি সড়ক দূর্ঘটনায় দুজন আহত হয়েছেন।

আগতরা হলেন, বাঁশবাড়িয়া গ্রামের আব্দুল লতিবের ছেলে সজিব হোসেন
(২২) ও গাংনী পৌর এলাকার ৮ নং ওয়ার্ড বাজারপাড়া এলাকার আলাউদ্দীনের ছেলে আল মামুন (২৬)।

এদের মধ্যে সজিব হোসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রয়েছেন। এছাড়া মামুন প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

সজিব হোসেন জানান, সে মোটরসাইকেল যোগে বারাদী থেকে গাংনী আসার পথে বিপরীত দিক থেকে আসা আলগামনের সাথে ধাক্কা লেগে পার্শবর্তি একটি খাদে পড়ে যায়। স্থানীয়রা আমাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে ভর্তি করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক দেবাশীষ কাপুড়িয়া জানান আহত সজিবের মুখমন্ডলে মারাত্বক ক্ষত হয়েছে। তাকে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।